অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/23/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল থ্যাংকসগিভিং সপ্তাহান্তের জন্য স্টেট পুলিশ ট্র্যাফিক নিরাপত্তা ক্যাম্পেইন ঘোষণা করলেন

স্টেট পুলিশ ও স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ছুটির সময়ে অ্যালকোহল বা মাদক গ্রহণের পর বা আগ্রাসী গাড়ি চালানো ঠেকাতে টহল বৃদ্ধি করবে

নির্মাণ সংক্রান্ত লেন বন্ধ থাকায় সপ্তাহান্তের ছুটিতে আরামদায়ক ভ্রমণ সীমিত করে দেয়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি অনিরাপদ গাড়ি চালানো সংক্রান্ত আচরণ ঠেকাতে একটি বিশেষ ট্র্যাফিক নিরাপত্তা উদ্যোগে অংশগ্রহণ করবে যেহেতু শীতকালীন ছুটির মৌসুম শুরু হতে যাচ্ছে। থ্যাংকসগিভিং সপ্তাহান্তের উদ্যোগটি 24 নভেম্বর, বুধবার থেকে 28 নভেম্বর রবিবার পর্যন্ত চলবে।

"যখন আমরা পরিবার ও বন্ধুদের সাথে থ্যাংকসগিভিং উদযাপন করার অপেক্ষা করছি, তখন আমাদের মধ্যে অনেকেই যাত্রাপথে সময় কাটাবে এবং নিরাপদে ছুটির ভ্রমণ করা নিশ্চিত করতে আমাদের সম্ভাব্য সব কিছু করা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "মাদক বা অ্যালকোহল দ্বারা প্রভাবিত থাকা অবস্থায় গাড়ি চালাতে যাওয়া শুধুই আমাদের জীবনকে ঝুঁকিগ্রস্ত করে। এই বছর, দায়িত্বশীল সিদ্ধান্ত নিন এবং বাড়িতে যাওয়ার একটি নিরাপদ ও নেশামুক্ত উপায় পরিকল্পনা করে আপনার মতো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সাহায্য করুন।"

ব্যস্ত থ্যাংকসগিভিং সপ্তাহান্তে ভ্রমণ সহজ করার প্রচেষ্টায়, 24 নভেম্বর, বুধবার ভোর 6টা থেকে 29 নভেম্বর সোমবার ভোর 6টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের হাইওয়েগুলিতে সড়ক ও সেতু নির্মাণ প্রকল্পের জন্য অস্থায়ী বন্ধ লেন খুলে দেওয়া হবে। গাড়িচালকদের জানানো যাচ্ছে যে স্থায়ী কংক্রিট প্রতিবন্ধকতার পেছনে জরুরি মেরামত কাজ অব্যাহত থাকতে পারে। নির্মাণ বন্ধ নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগের সাথে মিলে যায়, যা ট্র্যাফিক জ্যাম কমানোর জন্য এবং সড়ক ও সেতুর কাজের জন্য যাত্রা বিলম্ব কমানোর জন্য গাড়ি চালকের সুবিধাকে অগ্রাধিকার প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ সুপারিনটেনডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "পুরো থ্যাংকসগিভিং সপ্তাহান্তে অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত এবং বেপরোয়া গাড়িচালকদের ধরার জন্য ট্রুপারদের অনেক বেশি দেখা যাবে। অনুগ্রহ করে লিখে রাখা গতি সীমা অনুসরণ করুন, আপনার মোবাইল ফোন রেখে দিন, এবং ধীরে চালিয়ে জরুরি ও হাইওয়ে রক্ষণাবেক্ষণ যানবাহনকে আগে যেতে দেওয়া নিশ্চিত করুন। সবথেকে গুরুত্বপূর্ণ, আপনি অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হলে গাড়ি চালাবেন না। আমাদের লক্ষ্য হল সবাই যাতে তাদের ছুটি উদযাপন করতে নিরাপদে যাত্রা করতে পারে তা নিশ্চিত করা।"

গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কাউন্সিলের প্রধান এবং ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের (Department of Motor Vehicles, DMV) কমিশনার মার্ক জে. এফ. স্ক্রোডার বলেন, "আমরা চাই যে যারা পরিবার ও বন্ধুদের দেখতে যাত্রা করছেন তারা সবাই যেন নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে এবং এটি করা যাবে বেপরোয়া ও অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে গাড়ি চালানো এড়িয়ে চললে। অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে গাড়ি চালালে তা আপনার, আপনার সাথের যাত্রী এবং রাস্তার অন্য সবাইকে বিপদে ফেলে। এই থ্যাংকসগিভিংয়ে নেশামুক্ত অবস্থায় গাড়ি চালিয়ে দুঃখজনক ঘটনা প্রতিরোধ করুন।"

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন কমিশনার ম্যারি টেরেস ডমিনগুয়েজ বলেন, "ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন থ্যাংকসগিভিং সপ্তাহান্তের জন্য নির্মাণ কাজ বন্ধ রাখবে।স্টেট এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি যানবাহন ও ট্র্যাফিক আইন প্রয়োগ করার জন্য বাইরে থাকবে যাতে গাড়িচালকদের নিরাপদ রাখতে সাহায্য করতে পারে।আমি ছুটির সপ্তাহান্তে নিয়ম মেনে এবং অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে বা অন্যমনস্ক হয়ে গাড়ি না চালিয়ে তাদের দায়িত্ব পালন করার জন্য সকল গাড়িচালককে অনুরোধ করছি।আপনার ফোন রেখে দিন এবং মনোযোগ দিন।চলুন এই থ্যাংকসগিভিংয়ে আমরা সবাই নিরাপদে আমাদের গন্তব্যস্থলে যাই।"

স্টেট পুলিশ স্টেটজুড়ে নিয়মিত টহলদারির সাথে অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে গাড়ি চালানোর জন্য নিবেদিত টহল দানকারী যুক্ত করবে যার মধ্যে থাকবে মাদক সনাক্তকারী বিশেষজ্ঞ, মদ্যপ অবস্থা পরীক্ষার জন্য স্থির চেকপয়েন্ট, অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান নিয়ন্ত্রণ, গতি নিয়ন্ত্রণ এবং কনসিল্ড আইডেন্টিটি ট্র্যাফিক এনফোর্সমেন্ট (Concealed Identity Traffic Enforcement, CITE) টহল যান ব্যবহার করে হাতে ধরা যন্ত্র ব্যবহার করে কথা বলতে থাকা বা টেক্সট করতে থাকা গাড়িচালকদের আরো ভালোভাবে সনাক্ত করা।এই চিহ্নবিহীন যানগুলি প্রতিদিনের স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যায়, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যাবে।

বেশি পরিমাণের যানের সমাগম সাধারণত থ্যাঙ্কসগিভিং ছুটির সপ্তাহান্তে ঘটে। এটা এমন একটা সময় যখন অ্যালকোহল সেবন বৃদ্ধি পায়। 2020 সালের থ্যাংকসগিভিং ছুটির সময়ে, ট্রুপাররা 155 চালককে গ্রেফতার করে মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য (Driving While Intoxicated, DWI), 4,871টি বেশি গতিতে গাড়ি চালানোর টিকিট এবং 228টি অন্যমনস্কভাবে গাড়ি চালানোর টিকিট জারি করে। স্টেটব্যাপী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী 901 জনকে

DWI-র জন্য গ্রেফতার করে 7,406টি বেশি গতিতে গাড়ি চালানোর টিকিট এবং 627টি অন্যমনস্কভাবে গাড়ি চালানোর টিকিট জারি করে।

অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে গাড়ি চালানো নিরুৎসাহিত করতে গভর্নরের ট্র্যাফিক সেফটি কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC) এবং তার অংশীদারেরা #BoycottBlackoutWednesday হ্যাশট্যাগ ব্যবহার করে দেশব্যাপী একটি সোশ্যাল মিডিয়া ব্লিৎজে অংশগ্রহণ করবে।

থ্যাংকসগিভিং অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে গাড়ি চালানোয় আইন বলবত করার উদ্যোগটি GTSC কর্তৃক অর্থায়নকৃত।GTSC এবং নিউ ইয়র্ক স্টেটের STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) গাড়িচালকদের মনে করিয়ে দিচ্ছে যে তাদের "হ্যাভ এ প্ল্যান (Have a Plan)" মোবাইল অ্যাপটি, অ্যাপল, অ্যানড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য উপলভ্য। অ্যাপটি নিউ ইয়র্কারদের একটি ট্যাক্সি বা রাইড শেয়ার পরিষেবা খুঁজে বার করতে এবং কল করতে এবং একটি মনোনীত ড্রাইভার তালিকা প্রোগ্রাম করতে সক্ষম করে। এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কেও তথ্য প্রদান করে, এবং একজন সন্দেহভাজন চালক সম্পর্কে রিপোর্ট করারও উপায় প্রদান করে।

আপনি যদি মাতাল হন বা মাদকদ্রব্য সেবন করে গাড়ি চালান তাহলে আপনি কেবল নিজের জীবন এবং অন্যের জীবনকেই বিপন্ন করছেন তাই নয়, আপনি গ্রেপ্তার হতে পারেন, জেলে সময় কাটাতে হতে পারে এবং বড় জরিমানা এবং উকিলের ফিয়ের সম্মুখীন হতে পারেন। গড় মদ্যপান করে গাড়ি চালানোর কারণে গ্রেফতারের জন্য 10,000 ডলার পর্যন্ত খরচ হয়।

গ্রেপ্তার হওয়া মদ্যপ ও মাদকাসক্ত চালকরা তাদের চালকের লাইসেন্স, উচ্চতর বীমার হার এবং অ্যাটর্নি ফি, জরিমানা এবং আদালতের খরচ, গাড়ি তুলে নিয়ে যাওয়া এবং মেরামত এবং কাজের সময় নষ্ট হওয়ার কারণে বহু অপ্রত্যাশিত খরচের সম্মুখীন হতে পারেন।

অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে গাড়ি চালানো রোধে নিউ ইয়র্ক স্টেট পুলিশ, GTSC ও ন্যাশনাল হাইওয়ে ট্র্যাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশন (National Highway Traffic Safety Administration, NHTSA) নিম্নের সহজ পরামর্শগুলো মেনে চলার সুপারিশ করে:

- মজা শুরু করার আগেই বাড়ি ফেরার নিরাপদ উপায়ের একটি পরিকল্পনা করুন।
- মদ্যপানের আগে, একজন সুস্থ চালককে মনোনীত করুন।
- আপনি যদি প্রভাবিত হন, তাহলে ট্যাক্সি বা রাইডশেয়ারিং পরিষেবা ব্যবহার করুন, একজন মাতাল নয় এমন বন্ধুকে বা পরিবারের সদস্যকে কল করুন, বা গণপরিবহন ব্যবহার করুন।
- আপনার কমিউনিটির মাতাল-নয়-এমন রাইড প্রোগ্রাম ব্যবহার করুন।
- আপনি যদি সন্দেহ করেন যে রাস্তায় একজন চালক নেশাগ্রস্থ, তাহলে নির্দ্বিধায় আপনার স্থানীয় আইন বলবতকরণ বিভাগের সাথে যোগাযোগ করুন।

আপনি যদি এমন কাউকে চেনেন যিনি নেশাগ্রস্থ অবস্থায় গাড়ি চলতে যাচ্ছেন তাহলে তাদের চাবি নিয়ে নিন এবং তাদের সাহায্য করুন তারা যেখানে যেতে চান সেখানে নিরাপদে যাবার জন্য অন্য ব্যবস্থা করতে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418